

১১৪ নং

তাল--একতাল

ওড়াকান্দী প্রেমের মেলা আয় সবে যাই ছুটিয়া
আমার স্বপন মাঝে কে আসিয়া গেল বলিয়া আয় চলিয়া,
আমার মন নিল সে হারিয়া রে ॥

১। জুড়াইতে তাপিত ধরা, এল নবরসের গোরা,
গোপন কর ধন লইয়া।
সাথে ব্রহ্মা আদি দেব যার লাগিয়া,

ধ্যানে বসিয়া, কত কাঁদিয়া,
ও তাই জীবে এল দিতে যাচিয়া রে ॥

২। গুরুচাঁদ প্রেমের মহাজন, দিতেছে প্রেম যার যেমন মন,
সই ওজনে মাপিয়া ।

জাতি কুলের বাঁধা না রাখিয়া, দিল বাটিয়া দাড়ি ধরিয়া
নিল অনায়াসে সবে আসিয়া রে ॥

৩। ভক্তবন্দ কুতুহলী, যাচাই করে গলি গলি,
করে দিন বলি ডাকিয়া ।

তারা মান অপমান সমান করিয়া বেড়ায় ঘুরিয়া,
বেহাল সাজিয়া,
শুধু জীবের তরে সব ছাড়িয়া রে ॥

৪। প্রফুল্ল কয় অভিমানে, থাকিস্ না আর ঘরের কোণে,
সঙ্গোপনে মাতিয়া ।

তোরা আকুল হবি শেষে কাঁদিয়া, মাথা কুটিয়া,
বিলাপ করিয়া, এমন সোনার সুযোগ গেল সরিয়া রে ॥

—প্রফুল্ল

